



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd.

স্মারক নং: ৩৭.০২.০০০.১০১.১৮.০০১.২০১৯/১১০৫৬/১৪-জি.এ

তারিখ : ১৬/০৪/২০১৯খ্রি:

জরুরী বিজ্ঞপ্তি

সম্পত্তি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন প্রকার প্রতারক চক্র সরাসরি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নাম ভাঙ্গিয়ে শিক্ষা প্রতিষ্ঠানে রেজিস্ট্রেশন, এম.পি.ও ভুক্তিকরণ, পাঠদান, একাডেমিক স্থীরতি, শ্রেণি/শাখা খোলা, বিষয় ও বিভাগ খোলা এবং শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীর বদলীসহ বিভিন্ন কাজ করিয়ে দেয়ার মিথ্যা আশ্বাস/লোভ দেখিয়ে স্কুল/কলেজসহ বিভিন্ন প্রতিষ্ঠানে ফোন, ই-মেইল, এসএমএস করে বিকাশ, রকেটসহ বিভিন্ন মাধ্যমে টাকা দাবী করছে। কোন কোন ক্ষেত্রে তাদের পক্ষ হতে অধ্যক্ষ, প্রধানশিক্ষকসহ সংশ্লিষ্টদের নিকট ব্যক্তিগতভাবেও যোগাযোগ করছে মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে।

মাউশি অধিদপ্তরে কোন কাজে টাকা প্রদানের প্রয়োজন নেই। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কিছু সুনির্দিষ্ট বিধি-বিধানের ভিত্তিতে সেবা প্রদান করে থাকে, টাকার বিনিময়ে কোন কিছুই হওয়ার সুযোগ নেই। অধিদপ্তরের কার্যক্রম নিয়মিত ওয়েব সাইটে প্রকাশ করা হয়ে থাকে। যে সমস্ত ফোন নম্বর দিয়ে (বিকাশ, রকেট বা অন্য কোন মাধ্যম) ফোন করে টাকা দাবী করেন সে সমস্ত নম্বরসমূহ প্রতিষ্ঠান প্রধান সংগ্রহ করে অধিদপ্তরকে অবহিত করবেন।

এমতাবস্থায়, এ ধরনের প্রতারকচক্র বা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও প্রতিষ্ঠানের কথিত কর্মকর্তা কর্তৃক ই-মেইল, এস.এম.এস, ফোন, চিঠিপত্র কিংবা তাদের ব্যক্তিগত যোগাযোগের ভিত্তিতে কাউকে কোন টাকা না দেয়ার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো। কেউ কোন ধরনের সুবিধা বা টাকা দাবী করলেই বুঝবেন এটা প্রতারক, সাথে সাথেই এ ধরনের প্রতারকচক্রকে পুলিশে সোপার্দ করাসহ আইনানুগ ব্যবস্থাগ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

জনস্বার্থে অতিব জরুরী।

(প্রফেসর মোঃ শাহেদুল খাইরুল চৌধুরী)
পরিচালক (কলেজ ও প্রশাসন)

ফোন: ৯৫৫৩০৩৯

বিতরণ (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. পরিচালক (মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং এন্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
০৩. প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
০৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সকল অঞ্চল;
০৫. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ, সকল শিক্ষা প্রতিষ্ঠান;
০৬. উপ-পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
০৭. উপ-পরিচালক (সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল;
০৮. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল;
০৯. জেলা শিক্ষা অফিসার, সকল;
১০. প্রধানশিক্ষক, সরকারি/বেসরকারি উচ্চ বিদ্যালয়, সকল;
১১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা;
১২. সিস্টেম এনালিষ্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মাউশির ওয়েব সাইটে প্রতিটি প্রকাশের অনুরোধসহ);
১৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
১৪. সংরক্ষণ নথি।